



## বার্ষিক প্রতিবেদন

২০২২-২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
জেলা কার্যালয়, কুড়িগ্রাম।  
[www.bfsa.kurigram.gov.bd](http://www.bfsa.kurigram.gov.bd)

## সংক্ষিপ্ত বর্ণনা

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর ২০২২-২০২৩ অর্থ বছরে নিরাপদ খাদ্য নিশ্চিতে ব্যাপক কার্যক্রম পরিচালনা করে। Safe Food For All অর্থাৎ সবার জন্য নিরাপদ খাদ্য এ প্রত্যয়কে সামনে রেখে জেলা ব্যাপী ৬০ টি খাদ্য স্থাপনা মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়। খাদ্যকর্মীদের নিরাপদ খাদ্যের 'প্রাথমিক ধারণা' শীর্ষক মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জেলা কার্যালয় হতে গত অর্থবছরে ১২০ জন খাদ্যকর্মীকে নিরাপদ খাদ্যের দৃষ্টক, খাবার নিরাপদ রাখার উপায়, হোটেল রেস্তোরাঁয় করণীয়, অনিরাপদ খাদ্যের ভয়াবহতা, নিরাপদ খাদ্য আইন-২০১৩ সহ বিভিন্ন বিষয়ের ব্যাপক ধারণা প্রদান করা হয়। এছাড়া safe food plan এর ভাওতায় ০১ টি খাদ্য স্থাপনায় পরিদর্শন করা হয়। কুড়িগ্রাম জেলার খাদ্যের নিরাপদতা যাচাইয়ের লক্ষ্যে এ অর্থ বছরে ৮ টি খাদ্য পরীক্ষার জন্য স্থীকৃত ল্যাবরেটরিতে প্রেরণ করা হয়। গৃহস্থালি পর্যায়ে খাদ্যের নিরাপদতা নিশ্চিত করতে ০২ টি উঠান বৈঠক এর আয়োজন করা হয়। আগামীর প্রজন্মকে নিরাপদ খাদ্য সম্পর্কে ব্যাপক ধারণা দেয়ার নিমিত্তে ০২ টি স্কুল সেমিনার আয়োজন করা হয়েছে। এছাড়া বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় খাদ্য ব্যবসায়ীদের ১ দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়।

## ১। স্কুল সেমিনার

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, কুড়িগ্রাম হতে ২০২২-২৩ অর্থ বছরে ২ টি স্কুল সেমিনার এর আয়োজন করা হয়। প্রায় ৩০০ জন শিক্ষার্থী নিরাপদ খাদ্য সম্পর্কে জ্ঞান লাভ করে।



স্থির চিত্র: স্কুল সেমিনার

## ২। মনিটরিং কার্যক্রম

জেলাব্যাচী নিরাপদ খাদ্যের নিরাপত্তা অর্জনের নিমিত্তে ৬০টি খাদ্য স্থাপনায় মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়। এ সময় নিরাপদ খাদ্যের দূষক, খাদ্য ব্যবসায়ীদের করণীয়, নিরাপদ খাদ্য আইন-২০১৩ সহ অন্যান্য মৌলিক ধারণা প্রদান করা হয়।



স্থির চিত্র: মনিটরিং কার্যক্রম

### ৩। মাইকিং কার্যক্রম

পরিত্র রমজান মাসে নিরাপদ খাদ্য নিশ্চিত করার জন্য সমগ্র জেলাব্যাপী ৬ দিন এর মাইকিং কার্যক্রম পরিচালনা করা হয়। এ সময় নিরাপদ খাদ্য সম্পর্কিত পোষাক ও লিফলেট বিতরণ করা হয়।



স্থির চিত্র: মাইকিং কার্যক্রম ও লিফলেট বিতরণ

### ৪। উঠান বৈঠক

প্রাতিক পর্যায়ে গৃহিণীদের মাঝে নিরাপদ খাদ্যের মৌলিক ধারণা প্রদান করার জন্য সদর উপজেলায় ২টি উঠান বৈঠকের আয়োজন করা হয়।



স্থির চিত্র: উঠান বৈঠক

#### ৫। খাদ্য শিল্প পরিদর্শন

Safe Food Plan বাস্তবায়ন করার নিমিত্তে বিভিন্ন খাদ্য কারখানা পরিদর্শন করে তাদের বিচ্যুতি নির্ণয় করা হয় এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে করণীয় নিয়ে দিক নির্দেশনা প্রদান করা হয়।



স্থির চিত্র: খাদ্য শিল্প

#### ৬। সেমিনার আয়োজন

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর জেলা কার্যালয় কুড়িগ্রাম হতে জেলা পর্যায়ে খাদ্যের নিরাপদতা নিশ্চিত করতে সকলের করণীয় এবং নিরাপদ খাদ্য আইন-২০১৩, বিধি ও প্রবিধিমালা নিয়ে সেমিনার আয়োজন করা হয়।



স্থির চিত্র: সেমিনার

#### ৭। জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর জেলা কার্যালয় কৃতিগ্রাম কর্তৃক ২০২২-২৩ অর্থবছরে জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থা সমন্বয় কমিটির ১টি সভা আয়োজন করা হয়।



স্থির চিত্র: জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা

#### ৮। ট্রেনিং প্রোগ্রাম

খাদ্য কর্মীদের মাঝে সচেতনতা বৃদ্ধি এবং নিরাপদ খাদ্যের মৌলিক ধারণা প্রদান করার জন্য ২০২২-২৩ অর্থবছরে ৬০ জন খাদ্য কর্মীকে প্রশিক্ষণ প্রদান করা হয়।



স্থির চিত্র: খাদ্য কর্মীদের প্রশিক্ষণ